প্রস্তুতিমূলক ত্রিমাসিক কার্যসূচির

বুনিয়াদি সাংখ্যিকতা কার্যপত্র

(তৃতীয় শ্রেণির জন্য)

ছাত্র-ছাত্রীর নাম .....

বিদ্যালয়ের নাম .....

রোল নং .....

শিক্ষা বর্ষ .....

রাজ্য শিক্ষা-গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, অসম
কাহিলিপাড়া, গুয়াহাটি-৭৮১০১৯

KARYAPATRA : Worksheets for three months readiness programme for Numeracy of Class-3 in Assamese Language, developed and reviewed by SCERT, Assam through workshop mode.

ALL RIGHT RESERVED : No reproduction in any form of this book, in whole or in part (except for brief quotation in critical articles, reviews or research papers) may be made without written authorization from the SCERT, Assam

গ্রন্থস্বত্ব ঃ রাজ্য শিক্ষা-গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, অসম

প্রথম প্রকাশন ঃ ২০২২

প্রকাশক ঃ

মুদ্রণ ঃ

প্রাককথন

নতুন রাষ্ট্রীয় শিক্ষানীতি ২০২০, বুনিয়াদি স্তরে সাক্ষরতা ও সাংখ্যিকতাবোধ বিকাশের জন্যে একটি রাষ্ট্রীয় অভিযানের সূচনা করে। এর ফলস্বরূপ ৫ জুলাই ২০২১ ইংরেজি তারিখে ভারত সরকারের শিক্ষা মন্ত্রক **'নিপুণ ভারত'** অভিযান ঘোষণা করে। এই অভিযানের ভিতিত্তে ১৬ নভেম্বর ২০২১ তারিখে অসম সরকার রাজ্যে **'নিপুণ অসম'** নামের একটি অভিযান শুরু করে। এই অভিযানের লক্ষ্য হচ্ছে প্রাক প্রাথমিক স্তর থেকে তৃতীয় শ্রেণি পর্যন্ত ছাত্র-ছাত্রীদের নির্ধারিত শেখার ফলাফলগুলো আয়ত্ত করতে পারার জন্য সক্ষম করে তোলা।

কিন্তু কোভিড অতিমারির ফলে সৃষ্ট পরিবেশের জন্য আমাদের বিদ্যালয়গুলোতে নিয়মিত পাঠদানে বিঘ্ন জন্মেছিল। তা সত্বেও পাঠদানে নিরবিচ্ছিন্নতা বজায় রাখার জন্য সরকার বিভিন্ন সময়ে গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছে। যেমন- DIKSHA র মাধ্যমে বিভিন্ন বিষয়ও আপলোড করেছে, দূরদর্শন এবং অনলাইন মাধ্যমে বিভিন্ন বিষয়ে পাঠদান প্রক্রিয়া চালিয়ে গেছে। সঙ্গে বিদ্যালয়গুলোতে অনলাইন মাধ্যমে পাঠদান প্রক্রিয়া অব্যাহত রাখার জন্য নির্দেশ দিয়েছে। কিন্তু প্রয়োজনীয় সরঞ্জাম এবং নেটওয়ার্কের অভাবে অধিকাংশ ছাত্র-ছাত্রীই এই সুবিধা থেকে বঞ্চিত হয়েছিল। এই অবস্থায় অনেক ছাত্র-ছাত্রী নির্ধারিত শেখার ফলাফলগুলো আয়ত্ত করতে বাধার সমুখীন হয়েছিল এবং যথেষ্ট পরিমাণ শেখার ঘাটতি নিয়ে এই ছাত্র-ছাত্রীদের পরবর্ত্তী শ্রেণিতে নাম তালিকাভুক্ত করতে হয়েছিল। শিশুদের এই শেখার ঘাটতি পূরণের উদ্দেশ্যে দ্বিতীয় এবং তৃতীয় শ্রেণির জন্য **'প্রস্তুতিমূলক কার্যসূচি'** হাতে নেওয়া হয়েছে। দ্বিতীয় শ্রেণির কার্যসূচিটিতে প্রথম শ্রেণির জন্য নির্ধারিত মুখ্য শেখার ফলাফলগুলোর ভিত্তিতে এবং তৃতীয় শ্রেণির কার্যসূচিটিতে প্রথম ও দ্বিতীয় শ্রেণির নির্ধারিত মুখ্য শেখার ফলাফলগুলোর ভিত্তিতে সাংখ্যিকতার কৌশল সমৃদ্ধ ক্রিয়াকলাপ সংযোজন করে **'প্রস্তুতি সম্ভার'** নামের কার্যপত্র প্রস্তুত করা হয়েছে।

এই সম্ভারটিতে সন্নিবিষ্ট বিষয়গুলো হচ্ছে- সংখ্যার ধারণা, সংখ্যার নাম, নমুনা, পরিমাপ, দ্বিমাত্রিক এবং ত্রিমাত্রিক আকৃতি ইত্যাদি আয়ত্ত করার জন্য কার্যপত্র নামে ক্রিয়াকলাপ প্রদান করা হয়েছে। শিক্ষকেরা কার্যপত্রগুলোর সঙ্গে প্রয়োজন অনুসারে নিজে থেকে অধিক ক্রিয়াকলাপ করিয়ে সঠিকভাবে অনুশীলণ করালে ছাত্র-ছাত্রীরা শেখার ঘাটতিগুলো পূরণ করতে সক্ষম হবে বলে আমরা আশাবাদী। **শিক্ষক-শিক্ষয়িত্রীরা কার্যপত্রগুলো অনুশীলনের ক্ষেত্রে ছাত্র-ছাত্রীদের বিভিন্ন সময়ে প্রয়োজনীয় সলা-পরামর্শ প্রদান করে উপকৃত করবেন বলে আশা করা হচ্ছে।**

'নিপুণ অসম' কার্যসূচিতে 'মূল্যায়ন'কে একটি গুরুত্বপূর্ণ মাধ্যম হিসেবে বিবেচনা করা হয়েছে। সুতরাং প্রস্তুতি সম্ভারের ক্রিয়াকলাপসমূহ সপ্তাহ হিসেবে বিতরণ করে সপ্তাহের পঞ্চম দিন মূল্যায়নের জন্য কয়েকটি ক্রিয়াকলাপ সন্নিবিষ্ট করা হয়েছে। শিক্ষক-শিক্ষয়িত্রীরা মূল্যায়নের প্রতিটি ক্রিয়াকলাপের গুরুত্ব বুঝে ছাত্র-ছাত্রীদের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে নির্ধারিত শেখার ফলাফলগুলো আয়ত্ত করার চেষ্টা করবেন। মূল্যায়নের ওপর ভিত্তি করে শিক্ষক–শিক্ষয়িত্রীরা প্রয়োজন অনুসারে প্রতিকারমূলক পাঠদানের ব্যবস্থা করবেন, অন্যদিকে সক্ষম ছাত্র-ছাত্রীদের জন্য উন্নত মানের অনুশীলনেরও ব্যবস্থা করবেন।

উল্লেখ্যযোগ্য যে, এই প্রস্তুতি সম্ভার হচ্ছে বুনিয়াদি পর্যায়ে শিশুদের শেখার ঘাটতি পূর্ণ করে তাদেরকে শিক্ষার মূলস্রোতে নিয়ে আসার এক সামগ্রিক প্রচেষ্টা।

নিৰদা দেৱী

ড° নিরদা দেৱী
সঞ্চালক
রাজ্য শিক্ষা-গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, অসম
কাহিলিপাড়া, গুয়াহাটি-১৯

শিক্ষকদের পরামর্শমূলক নির্দেশনা

'নিপুণ অসম'-এর ভিত্তিতে তৃতীয় শ্রেণিতে তালিকাভুক্ত শিশুদের শেখার ঘাটতি দূর করার উদ্দেশ্যে তিন মাসের কার্যপত্র সম্ভার প্রস্তুত করা হয়েছে। এই কার্যপত্র সম্ভারের ক্রিয়া-কলাপগুলো করানোর সময় শিক্ষক নিম্নলিখিত নির্দেশনাগুলো মেনে ছাত্র-ছাত্রীদের এগিয়ে নিয়ে যেবেন-

- এই কার্যপত্রগুলো তৃতীয় শ্রেণির ছাত্র-ছাত্রীদের তিন মাসের প্রস্তুতি কার্যসূচির জন্য নির্ধারিত। তিন মাস অনুশীলন করে শেখার বিষয় আয়ত্ত করার পর ছাত্র-ছাত্রীদের 'নিপুণ অসম' কার্যসূচিতে অংশগ্রহণ করা বাঞ্ছনীয়।
- সর্বপ্রথম শিশুদের ক্রিয়াকলাপগুলোর প্রতি আগ্রহী করে তোলার জন্য স্নেহ-ভালোবাসা দিয়ে তাদের সঙ্গে সহজ হতে হবে।
- ক্রিয়াকলাপগুলো করিয়ে শিশুদের শেখার জন্য প্রস্তুত করার পর কার্যপত্রের ক্রিয়াকলাপসমূহ নির্দেশনা অনুযায়ী করাতে হবে।
- **ছাত্র-ছাত্রীদের বিকাশের লক্ষ, কৌশল এবং শেখার ফলাফলগুলোর ওপর ভিত্তি করে কার্যপত্রের ক্রিয়াকলাপগুলোর আদলে শিক্ষক নিজে থেকে কিছু অতিরিক্ত ক্রিয়াকলাপ করাবেন।**
- সংখ্যা জ্ঞান দেবার আগে কার্যপত্রে সন্নিবিষ্ট ভঙ্গিমা সঙ্গীত, কবিতা ইত্যাদির মাধ্যমে বিষয়বস্তুর প্রতি ছাত্র-ছাত্রীদের মনোযোগ আকর্ষণ করতে হবে। এ ধরনের ক্রিয়াকলাপসমূহ করানোর সময় যাতে প্রতিটি ছাত্র-ছাত্রী সক্রিয়ভাবে অংশগ্রহণ করে সেদিকে শিক্ষকের দৃষ্টি রাখতে হবে।
- প্রতিটি ক্রিয়াকলাপ সঠিকভাবে আয়ত্ত করার পরে পরবর্ত্তী ক্রিয়াকলাপে যাওয়া হবে।
- **শিক্ষক ক্রিয়া-কলাপগুলো করানের সময় ব্ল্যাকবোর্ডের যথোপযুক্ত ব্যবহার করবার চেষ্টা করবেন। যাতে প্রতিটি ছাত্র-ছাত্রী বাস্তব জিনিস ব্যবহারে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে নির্দিষ্ট কৌশল আয়ত্ত করতে পারে, সেদিকে শিক্ষক দৃষ্টি রাখবেন।**
- কার্যপত্রের বিভিন্ন শেখার ফলাফলগুলো আয়ত্ত করে সেগুলো দৈনন্দিন জীবনে প্রয়োগ করার জন্য সক্ষম করে তুলতে ছাত্র-ছাত্রীদের উৎসাহিত করবেন।
- **প্রতি সপ্তাহের পঞ্চম দিন শিশুদের জন্য কার্যপত্রের ক্রিয়াকলাপের ভিত্তিতে মূল্যায়ন করা হবে। মূল্যায়নের মাধ্যমে শেখায় ঘাটতি সম্পন্ন শিশুদের শনাক্ত করা হবে এবং এই শেখার ঘাটতি পূর্ণ করার জন্য যথোপযুক্ত ক্রিয়াকলাপ করানো হবে। যে সকল ছাত্র-ছাত্রীরা শেখার ফলাফলগুলো আয়ত্ত করতে পেরেছে, তাদের জন্য অধিক উন্নত মানের অনুশীলন করানো হবে।**
- প্রতি সপ্তাহে প্রতিটি শিশু নতুন কী কী কৌশল আয়ত্ত করতে পারলো, শিক্ষক সেগুলোর তথ্য তথ্যপঞ্জিতে লিখে রাখবেন।

বিশেষভাবে সক্ষম শিশুদের প্রতি লক্ষ্য রেখে প্রতিটি ক্রিয়াকলাপ করনোর সময় তাদের সাহায্য করা হবে।

বিদ্যালয় শুরু হওয়ার প্রথম দিন থেকেই যাতে শিশুরা অনাময় ব্যবস্থা ব্যবহারের শুদ্ধ এবং স্পষ্ট ধারণা লাভ করে সেটি নিশ্চিত করা হবে। অনাময় ব্যবহারের সঙ্গে পরিবেশ সম্পর্কে এবং সংবদেনশীলতা প্রদর্শনের জন্য কিছু কথা ছবিসহ ক্যালেন্ডার আকারে অঙ্কন করে দেওয়ালে টাঙিয়ে রাখবেন, যেমন- পরিষ্কার জল খাওয়া, জল অপচয় না করা, আবর্জনাগুলো যেখানে সেখানে না ফেলে নির্দিষ্ট স্থানে ডাস্টবিন ফেলা, অযথা গাছের পাত/ফুল না ছেড়া, খাওয়ার আগে এবং পরে সাবান দিয়ে হাত ধোয়া, ব্যবহার না হলে বৈদ্যুতিক বাতি, পাখা ইত্যাদি বন্ধ করে রাখা ইত্যাদি।

এসো, এক সঙ্গে গাই—

চড়ুইপাখি চড়ুইপাখি

ঝাঁপ দাও,

ঝাঁপ দাও।

খুদুকুড়ো দিয়েছি

খুঁটে খুঁটে খাও।

ছোটো ছোটো চোখ দুটি

ছোটো ছোটো পা,

ঝাঁপ মারতে দেখো,

যেনো পড়ে যেয়ো না?

শিক্ষকদের জন্য নির্দেশনা-

(১) শিক্ষক প্রথমে ছড়াটি গাইবেন। তার পর শিশুদের নিয়ে গাইবেন অনেকবার গাইবার পর আবৃত্তি করবেন।

(২) ছড়ার কথাগুলি শিক্ষক বুঝিয়ে দেবেন। চঁড়ুই পাখি কীভাবে নিজে চাল খেয়ে পেট ভর্তি করে, অর্থাৎ মনোযোগ সহকারে সে যেভাবে নিজের কাজ করে, সেভাবে শিশুদেরও নিজের কাজ করা উচিত সেটি বুঝিয়ে বলবেন।

(৩) এরপর ছাত্র-ছাত্রীদের নিজের অনুভূতি থেকে এই বিষয়ে কিছু বলতে বলবেন।

শিক্ষকদের জন্য নির্দেশনা-

- ছাত্র-ছাত্রীদের আগের দিনর কবিতাটি গাইতে দেবেন, যদি কোনো ছাত্র-ছাত্রী আগেরদিন অনুপস্থিত ছিল তবে তাদের কয়েকবার গাইবার জন্য সুযোগ দেবেন।

- তারপর নীচের ছড়াটি শিক্ষক নিজে গেয়ে শোনানোর পর ছাত্র-ছাত্রীদেরও গাইতে দেবেন।

এসো, সবাই মিলে গাই—

চোখ চোখ দুটি চোখ
সেদুটি দিয়ে দেখি ভাই,
কান কান দুটি কান,
সেগুলো দিয়ে শুনতে পাই।
নাক নাক একটি নাক,
সেটিতে গন্ধ শুনে যাই;
মুখ মুখ একটি মুখ,
তাদিয়ে আমি খাই।
হাত হাত দুটি হাত,
যা দিয়ে আমি খেলি;
পা পা দুটি পা,
সেগুলো দিয়ে আমি চলি।



শিক্ষকের জন্য নির্দেশনা-

(১) এই গানটি গেয়ে ছাত্র-ছাত্রীরা আনন্দ পাবে। তারপর গানটিতে কোন কোন বিষয়ে বর্ণনা করা হয়েছে, সেবিষয়ে আলোচনা করবে।

(২) এ বিষয়ে ছাত্র-ছাত্রীদের নিজস্ব অনুভূতি বলতে দেওয়া হবে।

(৩) শিক্ষক কবিতাটিতে সংখ্যার সাথে জড়িত কথাগুলো আলোচনা করবেন এবং ছাত্র-ছাত্রীদের বলতে দেবেন।



ওপরের বাকসের আলাদা আলাদা আকৃতিগুলো গণনা করে প্রাপ্ত সংখ্যাগুলো নীচের আকৃতিগুলোর বিপরীতে লেখো-

(ক)  = ...

(খ) = ...

(গ) = ...

(ঘ) = ...

শিক্ষকদের জন্য নির্দেশনা-

(১) ওপরের বাকসগুলোতে কয়টি আকৃতি আছে?

(২) কোন আকৃতির সংখ্যা সবচেয়ে বেশি এবং কোন আকৃতির সংখ্যা সবচেয়ে কম ইত্যাদি বিষয়ে আলোচনা করবেন।

এসো, নীচের তালিকার খালি ঘরগুলো সংখ্যা দিয়ে পূর্ণ করি—



শিক্ষকদের জন্য নির্দেশনা-

সংখ্যাগুলো লেখার সময় যদি ছাত্র-ছাত্রীরা অসুবিধা পায়, তাদের আরো বেশি অনুশীলন করানো হবে।

এসো, পরের সংখ্যাটি লিখি—



এসো, আগের সংখ্যাটি লিখি—



শিক্ষকদের জন্য নির্দেশনা- শিক্ষক অধিক অনুশীলন করবেন।

মান নিরূপণ পত্র - ১ **সপ্তাহ ১**

১) আমাদের হাত কয়টি?

২) আমাদের চোখ কয়টি?

৩) চঁড়ুই পাখির পা থেকে আমাদের পা বড়ো না ছোটো?

৪) নীচের সারিগুলোতে কয়টি গোল আছে, গুণে ডানদিকের খালি ঘরে লেখো।



৫) ১ থেকে ১০ পর্যন্ত সংখ্যাগুলো লেখো।

কার্যপত্র ১ সপ্তাহ ২

নীচের ছবিগুলো শনাক্ত করো এবং নীচের খালি বাকসে ছবির নম্বর লেখো-



দোকান- ☐

বিদ্যালয়- ☐

ডাকঘর- ☐

থানা- ☐

পার্ক- ☐

চিকিৎসালয়- ☐

বাজার- ☐

অগ্নি নির্বাপণ কেন্দ্র- ☐

শিক্ষকের জন্য নির্দেশনা- (১) ছাত্র-ছাত্রীদের দলে ভাগ করে ছবিগুলোর বিষয়ে আলোচনা করতে দেবেন। আলোচনার পর দলনেতাকে আলোচনার বিষয়বস্তু শ্রেণিতে উপস্থাপন করতে দেবেন।

(২) শিক্ষক ছবিটির বিষয়ে পুনরায় আলোচনা করে বলবেন যে বিদ্যালয়টি পার্কের ওপরদিকে অর্থাৎ উত্তর দিকে অবস্থিত এবং ডাকঘরটি পার্কের ডানদিকে অবস্থিত এবং এধরনের আলোচনা এগিয়ে নিয়ে যাবেন।

(৩) এসব থেকে জিনিসের স্থান এবং দিকের ধারণা পাবে সঙ্গে শিক্ষক ছাত্র-ছাত্রীদের বিভিন্ন দিকের কথা, বিদ্যালয় চত্বরে বিভিন্ন জিনিসের অবস্থিতি বাস্তব পরিবেশের সঙ্গে মিলিয়ে আলোচনা করবেন।

কার্যপত্র ২ **সপ্তাহ ২**

বাকসের ভেতরের গোল আকৃতিগুলো গুণে রেখা টেনে সংখ্যার সঙ্গে মেলাও-



সংখ্যা অনুসারে নীচের জিনিসগুলোতে ঘের দাও-



শিক্ষকদের জন্য নির্দেশনা- শিক্ষক বাস্তব জিনিসের সাহায্যে ৯ পর্যন্ত সংখ্যা চেনা, পড়া এবং লেখার কাজগুলো করাবেন।

কার্যপত্র ৩ **সপ্তাহ ২**

এসো, এক সাথে আবৃত্তি করি-

এক যে ছিল বিশাল রাজা ১
শুনবে এসো, তাঁরই মজা।
দুই দিন দুই রাত ২
অসুখে ভোগে হলেন কাত।
তিন দিবসে কবিরাজ এলেন ৩
রাজাকে তিনি কাহিল দেখেন।
চারটি ওষুধ লিখে দিলেন ৪
নিত্য রাজা একটি করে খেলেন।
পাঁচ-ছয় দিন এভাবেই গেল ৫ ৬
সাত দিনেও হলনা ভালো। ৭
আট দিনে কথা বেরোলো ৮
রানি তাকে গরম ভাত দিলো।
নয় দিনে বল পেলেন ৯
দশ দিনে ভালো হলেন। ১০

শিক্ষকদের জন্য নির্দেশনা -(১) শিক্ষক নিজে এই কবিতাটি আবৃত্তি করবেন এবং শিশুদের এক সাথে কয়েকবার আবৃত্তি করতে দেবেন।
(২) কবিতাটির সঙ্গে মিল রেখে বাস্তব জিনিস ব্যবহার করে বড়ো এবং ছোটো সংখ্যার তুলনা করতে দেবেন।

➢ ছবিগুলো গুণে সংখ্যা লেখো এবং যেখানে কম আছে সেখানে ঘের দাও-



➢ নীচের প্রতিটি ভাগের বড়ো সংখ্যাটিতে ঘের দাও-

৪, ৬ ৭, ৫ ৮, ৯, ৫ ৬, ৪, ৩

কার্যপত্র ৪ **সপ্তাহ ২**

এসো, ১ থেকে ১০ পর্যন্ত সংখ্যাগুলো বানান করে লিখি-

	(ক)	(খ)		(গ)	
১	এক				
২	দুই				
৩	তিন				
৪	চার				
৫	পাঁচ				
৬	ছয়				
৭	সাত				
৮	আট				
৯	নয়				
১০	দশ				

এসো, ১১ থেকে ২০ পর্যন্ত সংখ্যাগুলো দেখে দেখে লিখি-

১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০

মান নিরূপণ পত্র - ২ **সপ্তাহ ২**

(১) বাজারে কী করা হয়?

(২) শরীর অসুস্থ হলে আমাদের কোথায় যেতে হয়?

(৩) সবচেয়ে বড়ো সংখ্যাটিতে ঘের দাও-

৭, ২, ৫ ৪, ৬, ৯

(৪) বাকসের ভেতরের গোল আকৃতিগুলো গুণে সংখ্যার সঙ্গে রেখা টেনে মেলাও-



৬

৪

৩

৫

(৪) বানান করে লেখো-

৪ ৮

এসো, কে কী করছে দেখি—

শিক্ষকের জন্য নির্দেশনা - সমাজের বিভিন্ন কর্মের সঙ্গে জড়িত ব্যক্তিরা আমাদের কীভাবে সাহায্য করেন, শিক্ষক এ বিষয়টি ছাত্র-ছাত্রীদের দলে ভাগ করে আলোচনা করে শ্রেণিতে উপস্থাপন করতে দেবেন। প্রয়োজনে শিক্ষকও আলোচনায় অংশগ্রহণ করবেন।

(১) বানান করে লেখো-

১১

১৫

২০

(২) সংখ্যায় লেখো-

বারো

চোদ্দো

আঠারো

(৩) ছোটো থেকে বড়ো সংখ্যায়গুলো ক্রমে লেখো-

৫	১১	৮

১৫	১৩	১৯

(৪) বড়ো থেকে ছোটো সংখ্যাগুলো ক্রম অনুসারে লেখো-

১১	১৮	১৫

১৪	৯	৮

যোগ করো—

(ক) ৫ + ৭ = ☐

(খ) ৩ + ৮ = ☐

(গ) ১৫ + ৩ = ☐

(ঘ) ১৩ + ৬ = ☐

(ঙ) ১০ + ১০ = ☐

(চ) ৮ + ১২ = ☐

যোগ করো—

(ক) ৭ + ৮ = ☐

(খ) ২ + ১০ = ☐

(গ) ৯ + ৯ = ☐

(ঘ) ৫ + ১৪ = ☐

শিক্ষকের জন্য নির্দেশনা- শিক্ষক অধিক অনুশীলন করাবেন।

বিয়োগ করো—

(ক) ৩ (খ) ৫ (গ) ৮

\- ২ \- ৩ \- ৪

(ঘ) ৭ (ঙ) ৬ (চ) ৪

\- ৩ \- ২ \- ২

বিয়োগ করো—

(ক) ২ – ১ = (খ) ৪ – ২ =

(গ) ৭ – ৩ = (ঘ) ৮ – ২ =

শিক্ষকের জন্য নির্দেশনা- শিক্ষক অধিক অনুশীলন করাবেন।

মান নিরূপণ পত্র - ৩

সপ্তাহ - ৩

১) পাশের ছবির ব্যক্তি কী করছেন, বলো-

২) বানান করে লেখো-

১৫ =

১২ =

৩) ছোটো থেকে বড়ো সাজিয়ে লেখো-

৯, ৫, ৬, ৩

৪) বড়ো থেকে ছোটো সাজিয়ে লেখো-

৮, ৯, ৪, ৫

৫) যোগ করো-

৫ + ৩ =

৬) বিয়োগ করো-

৪ - ২ =

আকৃতিগুলোর রং অনুযায়ী নীচের ছবিটিতে রং করো-

আকৃতিতে লাল রং করো

আকৃতিতে হলুদ রং করো

আকৃতিতে নীল রং করো

আকৃতিতে কালো রং করো



২১ থেকে ৪০ পর্যন্ত সংখ্যাগুলো লেখো-



এসো, সংখ্যাগুলো বানান করে লিখি-

২২ —

৩৩ —

এসো, সংখ্যায় লিখি—

একুশ —

আটাশ —

এসো, সংখ্যায় লিখি —

২ দশ ৩ = ২৩

২ দশ ১ =

৩ দশ ১ =

৩ দশ ৪ =

যোগ করো—

(ক) ১১ + ১৩ = ☐

(খ) ১৪ + ১৫ = ☐

(গ) ১৩ + ১৪ = ☐

(ঘ) ২১ + ৩ = ☐

(ঙ) ১২ + ১১ = ☐

(চ) ২১ + ১১ = ☐

খালি ঘরগুলো ক্রমিক সংখ্যা দিয়ে পূর্ণ করো—

১৯			২২				২৬		

৩০	৩১				৩৫				৩৯

খালি ঘরগুলো আগের ও পরের সংখ্যা দিয়ে পূর্ণ করো-

আগের	পরের
১৪	১৫
	২২
	২৭

আগের	পরের
১৩	১৪
২৮	
৩৯	

বিয়োগ করো—

(ক) ১৫
- ১১
_____

(খ) ১৮
- ১৫
_____

(গ) ২৮
- ১৭
_____

(ঘ) ২৩
- ২১
_____

(ঙ) ২৪
- ১২
_____

(চ) ৩৯
- ১৭
_____

সবচেয়ে বড়ো সংখ্যাটিতে ঘের দাও-

১৫	৩৭	২৯	১৮

সবচেয়ে ছোটো সংখ্যাটিতে ঘের দাও-

৩৪	১৯	২৪	২২

মান নিরূপণ পত্র- ৪ **সপ্তাহ ৪**

(১) বানান করে লেখো-

২৪ = ____ ৩৬ = ____

(২) সংখ্যায় লেখো-

সাতাশ = ____ চৌত্রিশ = ____

(৩) যোগ করো-

২৩
+ ২৪
---

(৪) বিয়োগ করো-

৩৯
- ২৫
---

(৫) মাঝের সংখ্যাটি লেখো-

২৯		৩১

নীচের ছবিগুলো দেখে সবচেয়ে ভারী জিনিসে (√) চিহ্ন দাও এবং সবচেয়ে হালকা জিনিসে (×) চিহ্ন দাও-



নীচের ছবির যে বালতিতে সবচেয়ে বেশি জল ধরবে সেটিতে (√) চিহ্ন এবং যেটিতে সবচেয়ে কম জল ধরবে সেটিতে (×) চিহ্ন দাও-

নীচের ছবির সবচেয়ে লম্বা পেনসিলটিতে (√) চিহ্ন দাও এবং সবচেয়ে খাটো পেনসিলটিতে (×) চিহ্ন দাও-



নীচের ছবির সবচেয়ে লম্বা মেয়েটিতে (√) চিহ্ন দাও এবং সবচেয়ে খাটো মেয়েটিতে (×) চিহ্ন দাও-

এসো, ৪১ থেকে ৬০ পর্যন্ত সংখ্যা এবং বানান করে লিখি-

৪১	
একচল্লিশ	
৪২	
বেয়াল্লিশ	
৪৩	
তেতাল্লিশ	
৪৪	
চুয়াল্লিশ	
৪৫	
পঁয়তাল্লিশ	
৪৬	
ছেচল্লিশ	
৪৭	
সাতচল্লিশ	
৪৮	
আটচল্লিশ	
৪৯	
উনপঞ্চাশ	
৫০	
পঞ্চাশ	

৫১	
একান্ন	
৫২	
বাহান্ন	
৫৩	
তিপ্পান্ন	
৫৪	
চুয়ান্ন	
৫৫	
পঞ্চান্ন	
৫৬	
ছাপ্পান্ন	
৫৭	
সাতান্ন	
৫৮	
আটান্ন	
৫৯	
উনষাট	
৬০	
ষাট	

কার্যপত্র ৩ সপ্তাহ ৫

৫১ থেকে ৬০ পর্যন্ত সংখ্যাগুলো লেখো-

৫১									

নীচের বড়ো সংখ্যাটিতে ঘের দাও-

৪১	৫২	২৯	৬৪

নীচের ছোটো সংখ্যাটিতে ঘের দাও-

২৭	২১	৫২	৬০

ছোটো থেকে বড়ো সাজিয়ে লেখো-

৩৩, ২৮, ২৫, ৪৩

৪৫, ৫৯, ২২, ৫৫

বড়ো থেকে ছোটো সাজিয়ে লেখো-

২৯, ৫৬, ৫১, ৪৪

২৫, ৪০, ৪৭, ৪২

যোগ করো-

১৭	১৫
+ ১১	+ ১৩

এসো, নীচের সমস্যাগুলো সমাধান করি-

১) বিনিদের বাগানে ২২ টি গোলাপ ফুলের গাছ এবং ১৭ টি গাঁদাফুলের গাছ আছে। বাগানটিতে মোট কয়টি ফুলের গাছ আছে।

২) একটি শ্রেণিতে ১৮ জন ছাত্র এবং ২১ জন ছাত্রী আছে। শ্রেণিতে মোট কয়জন ছাত্র-ছাত্রী আছে?

৩) নিকির কাছে ৩১ টি কুল এবং মিনির কাছে ৪২ টি লিচু আছে। দুজনের কাছে মোট কয়টি ফল আছে?

১) বানান করে লেখো-

৪২ ৬০

২) সংখ্যায় লেখো-

সাতচল্লিশ সাতান্ন

৩) ছোটো সংখ্যাটিতে ঘের দাও -

৪৪	৪৯

৫৯	৫৩

৪) বড়ো সংখ্যাটিতে ঘের দাও-

৪২	৫২

৫৪	৪৫

নীচের সমস্যাটি সমাধান করো-

৫) মিনার কাছে ২১ টি কুল আছে, রানির কাছে আছে ৪৫ টি। দুজনের কাছে মোট কয়টি কুল আছে?









এসো, ওপরের ছবিগুলো দেখে আকৃতি অনুযায়ী নীচের তালিকাটি পূর্ণ করি—

আকৃতি	জিনিসের নাম
চারকোণা	কেরম বোর্ড, স্লেট, ...
গোল	
তেকোণা	

শিক্ষকদের প্রতি নির্দেশনা- বাস্তব জিনিসের সাহায্যে এই ধারণাগুলোর অধিক অনুশীলন করাবেন।